# সাদা পতাকা তুলে ইরানের আত্মসমর্পণ করা উচিত: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

চলমান সংঘাতের মধ্যে ইরানের সাদা পতাকা উড়িয়ে আত্মসমর্পণ করা উচিত বলে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

সোমবার (১৭ আগস্ট) ‘ফক্স নিউজ’কে দেওয়া এক সাক্ষাৎকারে এ কথা বলেন তিনি।

ট্রাম্প জানান, ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের (আইআরজিসি) সঙ্গে মার্কিন প্রশাসনের গোপন যোগাযোগ রয়েছে। তবে সংঘাত দ্রুত শেষ করার বিষয়ে যুক্তরাষ্ট্রের ওপর কোনো চাপ নেই বলেও জানান তিনি।

আইআরজিসির সক্ষমতা নিয়ে কথা বলতে গিয়ে ট্রাম্প বলেন, বাহিনীটি কৌশলে দক্ষ হলেও বর্তমানে বড় ধরনের বিপর্যয়ের মুখে রয়েছে এবং তাদের শক্তি ক্রমেই কমে আসছে।

সংঘাতের অবসানের জন্য কোনো নির্দিষ্ট সময়সীমা ঠিক করা হয়নি বলেও জানান ট্রাম্প। তিনি বলেন, যুদ্ধ শেষ করার বিষয়ে তার কোনো নির্ধারিত সময়সূচি নেই এবং দ্রুত সিদ্ধান্ত নেওয়ারও কোনো তাড়া নেই।

LENS ASIA